

প্যানেলভুক্ত ২৬ হাজার শিক্ষক নিয়োগ না দিলে আমরণ অনশন

■ সমকাল প্রতিবেদক
নিবন্ধিত বেসরকারি প্রাথমিক
বিদ্যালয়ের প্যানেলভুক্ত ৪২ হাজার
শিক্ষকের মধ্যে বাদ পড়া প্রায় ২৬
হাজার শিক্ষককে ৫ অক্টোবরের মধ্যে
নিয়োগ না দিলে ৬ অক্টোবর থেকে
আমরণ অবশ্যই যাওয়ার ঘোষণা
দিয়েছে বাংলাদেশ প্যানেলভুক্ত
শিক্ষক ঐক্যজোট।

গতকাল বুধবার ঢাকা
রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক
সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা
করেন সংগঠনটির মহাপরিচালনা
নাজমুল হোসেন। তিনি বলেন,
দীর্ঘদিন আন্দোলন করেও তারা
নিয়োগের বিষয়ে সঠিক কোনো সমাধান
পাচ্ছেন না। তাই বাধ্য হয়ে এ কর্মসূচি
ঘোষণা করেছেন।

নাজমুল হোসেন বলেন, গত ১৭
জানুয়ারি প্রাথমিক ও গণশিক্ষা
মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে নিয়োগ না
পাওয়া প্যানেল শিক্ষকদের বিষয়টি
উল্লেখ না করায় তারা হতাশ ও চিন্তিত
হয়ে পড়েছেন। এ ছাড়া ঢাকাসহ
সারাদেশে বিভিন্ন আন্দোলন কর্মসূচি
পালন করছেন তারা। এরই অংশ
হিসেবে গত ১৯ আগস্ট প্রধানমন্ত্রীকে
স্মারকসিপি দিতে যাওয়ার প্রকৃতি
নির্দেশ পুঁজি নিষেধ করে। এরপর
সচিবালয়ের উদ্দেশে রওনা হলে পুঁজি
তাদের ওপর লাঠিচার্জ, গরম পানি ও
টিয়ার গ্যাসের বেশ নিষেধ করে। ওই
ঘটনায় ১০-১৫ শিক্ষক আহত এবং ১৫
জনকে গ্রেফতার করা হয়।

প্রসঙ্গত, ২০১১ সালের ৯ ডিসেম্বর
রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক
বিদ্যালয়ের নিয়োগ পরীক্ষায়
অংশগ্রহণ করে মৌখিক পরীক্ষার পর
গত বছরের ৯ এপ্রিল চূড়ান্তভাবে ৪২
হাজার জনকে উত্তীর্ণ করা হয়। সংবাদ
সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন
সংগঠনের সাবেক সভাপতি তাহমিনা
ইসলাম সিটি, সহ-সাধারণ সম্পাদক
মিজানুর রহমান প্রমুখ।